



স্বাক্ষর
পঞ্জাব/মোস্তাফিজ চৌধুরী
৩৩নং ৩৭ ভূমিসংরক্ষণ
স্বাক্ষর/৩৩নং ৩৭

CARE Bangladesh
RAOWA Complex
(Level: 7-8)
VIP Road, Mohakhali
Dhaka-1206
Bangladesh
Tel : +880-2-9889009
Fax : +880-2-9889041
Email : bgdinfo@care.org
Website : www.carebangladesh.org

তারিখ : নভেম্বর ৭, ২০১৮

বরাবর : উপজেলা নিবাহী অফিসার

দিরাই

উপজেলা, জেলা : সুনামগঞ্জ

বিষয় : কেয়ার বাংলাদেশের নাম ব্যবহার করে প্রতারণামূলক কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

কেয়ার বাংলাদেশ প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত একটি আন্তর্জাতিক বেসরকারী উন্নয়নমূলক সংস্থা যা দীর্ঘ ৬৯ বছর যাবৎ বাংলাদেশে সুনাম ও সাফল্যের সাথে কাজ করে আসছে। বর্তমানে বিশ্বের ৯৪টি দেশে কেয়ারের কার্যক্রম পরিচালিত হচ্ছে।


আমরা সম্প্রতি বিভিন্ন সূত্রে জানতে পেরেছি যে, দেশের বিভিন্ন এলাকায় বিশেষতঃ উপজেলা পর্যায়ে কতিপয় অসাধু ব্যক্তি কেয়ার বাংলাদেশের নাম ও লোগো ব্যবহার করে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করার চেষ্টা করছে এবং লোকজনের নিকট থেকে অর্থ সংগ্রহ করছে। এছাড়াও বিভিন্ন স্থানীয় পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে আবেদনকারীদের অর্থ প্রেরণ করার জন্য বলা হচ্ছে, এমনকি ভূয়া নিয়োগপত্রও প্রদান করছে। এ ধরনের কার্যকলাপ কেয়ার বাংলাদেশের সুনাম ও ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে। এ ধরনের কার্যক্রমের মাধ্যমে কোন ব্যক্তি বা গোষ্ঠী ক্ষতিগ্রস্ত বা প্রতারণিত হলে কেয়ার বাংলাদেশ কোনরূপ দায়ভার গ্রহণ করবে না।

উল্লেখ্য যে, সম্প্রতি, হবিগঞ্জ জেলার বানিয়াচং উপজেলার, দৌলতপুর ইউনিয়নস্থ, দৌলতপুর গ্রাম ও আশেপাশের এলাকায় কতিপয় অসাধু ব্যক্তি কেয়ার বাংলাদেশ নামে শাখা অফিস খুলে কেয়ার বাংলাদেশ-এর নাম ও লোগো ব্যবহার করে কার্যক্রম পরিচালনা এবং বিভিন্ন লোকজনের কাছ থেকে অর্থ সংগ্রহ করার চেষ্টা করেছে বলে আমরা জানতে পেরেছি। এই মর্মে কেয়ার বাংলাদেশ বানিয়াচং মডেল থানায় একটি সাধারণ ডায়েরি নথিভুক্ত করেছে (জিডি নম্বর:৬২৫, তারিখ:১৬/১০/২০১৮)। এছাড়া আমরা সম্প্রতি বিভিন্ন পত্রিকায় ভূয়া নিয়োগ সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তিও প্রকাশ করেছি। আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কেয়ার বাংলাদেশের সকল নিয়োগ বিজ্ঞপ্তি জাতীয় পত্রিকার পাশাপাশি দেশের শীর্ষস্থানীয় জবপোর্টাল ও সংস্থার নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করা হয় এবং চাকুরীর আবেদনপত্র শুধু অনলাইনের মাধ্যমে গ্রহণ করা হয়। কেয়ার কর্মী নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীদের নিকট থেকে এবং প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্পের সুবিধাভোগী বা স্থানীয়দের নিকট থেকে কখনোই অর্থ দাবী করে না। উল্লেখ্য কেয়ার বাংলাদেশের বাস্তবায়নানধীন প্রকল্পসমূহের তথ্যাদি ওয়েব সাইট www.carebangladesh.org এ উল্লেখ আছে যা নিয়মিত হালনাগাদ করা হয়।

বিষয়টি আপনার সদয় অবগতির জন্য জানানো হলো।

ধন্যবাদসহ,

বিনীত নিবেদক,


Berhanu Moida Datta
Assistant General Director
Program Support
CARE Bangladesh

বেরহানু মোরোদা
এসিস্ট্যান্ট কান্ট্রি ডিরেক্টর - প্রোগ্রাম সাপোর্ট
কেয়ার বাংলাদেশ